গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

# ২০০৯ থেকে জুলাই/২০২৩ পর্যন্ত সময়ের মধ্যে সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট সরকারের অর্জিত সাফল্য/গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক কার্যক্রমের উপর পুস্তিকা প্রকাশের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, আহ্বায়ক) |
| সভার তারিখ | ২১ আগস্ট ২০২৩ |
| সভার সময় | বেলা ১১.০০টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | “পরিশিষ্ট-ক” |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ২০০৯ হতে জুলাই/২০২৩ পর্যন্ত এ বিভাগ সংশ্লিষ্ট সরকারের অর্জিত সাফল্য/গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক কার্যক্রমের উপর পুস্তক প্রকাশের নিমিত্ত সরকারের অর্জিত সাফল্য, উন্নয়ন এবং বিভিন্ন সেক্টরে গৃহীত নীতিকৌশলের কারণে দেশের কাঠামোগত পরিবর্তন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, সার্বিক উন্নয়ন সংক্রান্ত বিষয়বস্তুর তথ্যাদি সন্নিবেশনের নিমিত্ত আন্তরিকভাবে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

সভাপতি পুস্তক প্রকাশের নিমিত্ত প্রস্তাবনা সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন) বলেন, সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে এ বিভাগ সংশ্লিষ্ট সরকারের অর্জিত সাফল্য, গুরুত্বপূর্ণ কার্যক্রম সম্পর্কিত বিষয়াদি বই আকারে প্রকাশ করতে হবে। এজন্য নির্ধারিত সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা অনুসারে পুস্তক প্রণয়ন কার্যক্রম সম্পন্ন করা জরুরি। অন্যথায় নির্ধারিত সময়ে পুস্তক প্রকাশ করা সম্ভব হবে না।

উপসচিব (প্রশাসন-৩) ও সদস্য সচিব পুস্তক প্রকাশ ও মুদ্রণ কমিটি সভাকে জানান যে, এ বিভাগের আওতাধীন অধিদপ্তর হতে সরকারের উল্লেখযোগ্য তথ্যাবলি সম্পর্কিত সচিত্র প্রতিবেদনের সফটকপি পাওয়া গিয়েছে। তবে অধিদপ্তরসমূহের তুলনামূলক কার্যক্রমের সচিত্র প্রতিবেদন পুস্তক প্রণয়নের জন্য প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | সচিত্র প্রতিবেদন সংশ্লিষ্ট পুস্তকের প্রচ্ছদ প্রস্তুতকরণ, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ইনোভেশন কার্যক্রমের প্রসঙ্গ উল্লেখপূর্বক তালিকা প্রণয়ন, সেবা সহজিকরণ সম্পর্কিত কার্যক্রমের তালিকা প্রণয়ন, এ বিভাগে চালুকৃত অনলাইন সার্ভিসসমূহের বিবরণ, গুরুত্বপূর্ণ ছবি (ক্যাপশনসহ) ইত্যাদির তথ্যাদি প্রেরণ। | আলোচ্য বিষয়ে উল্লিখিত তথ্যাদি আগামী ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা)/সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) |
| ২ | মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর বাণীর খসড়া প্রস্তুতকরণ। | আগামী ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে মাননীয় মন্ত্রীর বাণী প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপসচিব (কারা-১ শাখা) |

| | | | |
|---|---|---|---|
| ৩ | সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় মহোদয়ের বাণীর খসড়া প্রস্তুতকরণ। | আগামী ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে সচিব মহোদয়ের বাণী প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্মসচিব (বহিরাগমন-২ অধিশাখা) |
| ৪ | বিবেচ্য সময়ে এ বিভাগ সংশ্লিষ্ট উল্লেখযোগ্য অর্জনসমূহের তথ্যাদি। | এ বিভাগের প্রত্যেক অনুবিভাগকে ২০০৯ হতে জুলাই/২০২৩ পর্যন্ত যেসকল উল্লেখযোগ্য অর্জন রয়েছে সেসব বিষয়ের তথ্য প্রেরণের জন্য অনুবিভাগ প্রধানগণকে পত্র প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩ শাখা) |
| ৫ | বর্ণিত সময়ে ইস্যুকৃত দ্বৈত নাগরিকত্ব সনদের তালিকা প্রেরণ। | দ্বৈত নাগরিকত্ব সনদের বিস্তারিত তথ্য আগামী ২৪ আগস্ট, ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | উপসচিব (বহিরাগমন-৩ শাখা) |
| ৬ | নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত তথ্যাদি প্রেরণ। | নিরাপত্তা ছাড় সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি আগামী ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্মসচিব (নিরাপত্তা অধিশাখা) |
| ৭ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা সংক্রান্ত তথ্যাদি। | এ সংক্রান্ত হালনাগাদ তথ্য ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩ শাখা) |
| ৮ | আইন ও বিধি প্রণয়ন সংক্রান্ত তথ্যাদি। | বিবেচ্য সময়ে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে যেসকল আইন/বিধি প্রণীত হয়েছে তার বর্ণনাসহ হালনাগাদ তথ্যাদি ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগের প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/ অধিদপ্তর প্রধান (সকল) |
| ৯ | বিভিন্ন দেশের সাথে সম্পাদিত চুক্তি সংক্রান্ত কার্যক্রম। | এ সংক্রান্ত তথ্য ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্মসচিব (বহিরাগমন-১/২ অধিশাখা) |
| ১০ | কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ হতে প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত। | এ সংক্রান্ত তথ্যাদি আগামী ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন-১/ সংশ্লিষ্ট শাখা প্রধান। |
| ১১ | এসিড লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি। | এ সংক্রান্ত তথ্য ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপসচিব (আইন-২ শাখা) |
| ১২ | বিজনেস অটোমেশন। | এ সংক্রান্ত তথ্যাদি ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা)/ সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | জনবল নিয়োগ সংক্রান্ত তথ্যাদি ও নিয়োগ বিধি সংক্রান্ত। | এ সংক্রান্ত তথ্যাদি আগামী ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | অধিদপ্তর প্রধান (সকল)/উপসচিব (প্রশাসন-১ শাখা) |
| ১৪ | বন্দি বিনিময় সংক্রান্ত। | এ সংক্রান্ত তথ্যাদি ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (বহিরাগমন-১ শাখা) |
| ১৫ | ২০০৯-২০২৩ এর বর্তমান সময় পর্যন্ত অর্জন ও উল্লেখযোগ্য কার্যক্রমের সকল প্রকার তথ্যাদি প্রদানের ক্ষেত্রে ফন্ট ও সাইজ নির্বাচন। | ২০০৯-২০২৩ এর বর্তমান সময় পর্যন্ত অর্জন ও উল্লেখযোগ্য কার্যক্রমের সকল প্রকার তথ্যাবলি Sutonny MJ-ফন্টে (ফন্ট সাইজ-১২) ও Landscape-ফরম্যাটে-আগামী ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | অধিদপ্তর প্রধান (সকল)। |
| ১৬ | পরবর্তী সভা অনুষ্ঠান। | আগামী ২৭ আগস্ট ২০২৩ তারিখ রবিবার বিকাল ০৩.০০ টায় পরবর্তী সভা আহ্বান করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩ শাখা)। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, আহ্বায়ক)

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১৬.০০১.২১.২৫৮

তারিখ: ৭ ভাদ্র ১৪৩০
২২ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪) যুগ্মসচিব, বহিরাগমন-১ অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬) যুগ্মসচিব, বহিরাগমন-২ অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭) পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৮) কর্নেল, অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর।
৯) পরিচালক (প্রশাসন ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।
১০) পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
১১) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১২) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৩) উপসচিব, মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৪) উপসচিব, বহিরাগমন-৪ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৫) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৬) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব ও সদস্য সচিব, পুস্তক প্রণয়ন ও
প্রকাশনা কমিটি, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র
মন্ত্রণালয়।